



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা(২য় সংশোধিত) প্রকল্প  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd/Fax-8189029](http://www.iresppw-brdb.gov.bd/Fax-8189029)

স্মারক নং ৪৭.৬২.৮৭.০০০০.৯৬১.০০.৩৪৯.১৫-২৬

তারিখঃ ০৮/০১/১৮খ্রিঃ

বিষয়ঃ ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ অনুমোদন সংক্রান্ত।

সূত্রঃ উপপরিচালক, বিআরডিবি, সাতক্ষীরা স্মারক নং ৪৭.৬২.৮৭.০০.৮৬৩.১৬.০৯২.১৩.১২৫৪, তাং ৩১.১২.১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, অত্র প্রকল্পের আওতায় সাতক্ষীরা সদর উপজেলার মাছখোলা মাঝপাড়া মহিলা সমিতির সদস্য জনাব মোছাঃ ফরিদা পারভীন(৪০৮২৮২-৩৪-৩৭), স্বামী- কবির হোসেন “মুরগি খামার” আইজিএ ভিত্তিক ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের জন্য একটি প্রকল্প প্রস্তাব দাখিল করেছেন। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সাতক্ষীরা সদর সরেজমিনে পরিদর্শনপূর্বক ১,০০,০০০/- (এক লক্ষ টাকা) টাকার ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ অনুমোদনের সুপারিশ এবং উপপরিচালক, বিআরডিবি, সাতক্ষীরা কর্তৃক প্রস্তাবটি অনুমোদনের সুপারিশের প্রেক্ষিতে বর্ণিত প্রকল্প প্রস্তাবের সার্বিক বিষয় বিবেচনা করে নিম্নোক্ত শর্তে ১,০০,০০০/- (এক লক্ষ টাকা) টাকা’র ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ অনুমোদন করা হ’ল।

শর্তসমূহঃ

১. উদ্যোক্তা সদস্য প্রস্তাবিত প্রকল্প ব্যয়ের অবশিষ্ট অংশ নিজে নির্বাহ করবেন।
২. চাহিত ঋণের ন্যূনতম সমপরিমান মূল্যের স্বাবর সম্পত্তির দলিল মরণেজ হিসেবে দাখিল করতে হবে (সাব-রেজিস্ট্রি অফিসের মাধ্যমে মরণেজ করতে হবে); যদি ঋণী সদস্যের নিজ নামে কোন সম্পত্তি না থাকে তাহলে তার স্বামী/পিতার সম্পত্তির দলিল মরণেজ হিসেবে রাখতে হবে এবং তা শর্ত-০৪ এ উল্লিখিত চুক্তিপত্রে বিষয়টি অন্তর্ভুক্ত করে সদস্য ও তার স্বামী/পিতার সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
৩. উদ্যোক্তা সদস্যের পরিবারের সদস্য নয় এরূপ একজন বিশিষ্ট ব্যক্তির ঋণের জামিনদার হিসেবে সম্মতিপত্র দাখিল করতে হবে।
৪. ৩০০/- (তিন শত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে এবং চুক্তিপত্রের সত্যায়িত ফটোকপি প্রকল্প সদর দপ্তরে প্রেরন করতে হবে।
৫. উপপরিচালক, বিআরডিবি সংশ্লিষ্ট জেলার বর্ণিত ঋণ আদায় কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণসহ তদারকি করবেন।
৬. আবেদনকৃত ঋণের ন্যূনতম ১৫% সঞ্চয় জমা থাকতে হবে।
৭. সাপ্তাহিক কিস্তিতে ঋণ আদায় নিশ্চিত করতে হবে।
৮. মঞ্জুরীকৃত ঋণ সদস্যের নামে ক্রস চেকের মাধ্যমে প্রদান করতে হবে।
৯. ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের সকল নীতিমালা অনুসরণ করতে হবে।

উপপরিচালক  
বিআরডিবি, সাতক্ষীরা।

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।

স্মারকনং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৩৪৯.১৫-

তারিখঃ ০৮/০১/১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরন করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(ইরেসপো), সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
৩. প্রোগ্রামার(ইরেসপো), বিআরডিবি, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. পরিচালক(সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।

আল-আমিন  
সহকারীপরিচালক (উন্নয়ন)  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।